SIBPLC Weekly
HIGHLIGHTS
A Publication of Marketing & Brand Connunication Division

Social Islami Bank PLC

NEWSLETTER

26 November 2024 | Call Center 16491 | www.siblbd.com

গ্রাহকের আস্থায় শরী'আহভিত্তিক ব্যাংকিং নিয়ে শক্তিশালী আগামীর পথে সোশ্যাল ইসলামী ব্যাংক

সাফল্য, অগ্রগতি, সৃজনশীলতা, প্রগতি ও প্রসারে পরিপূর্ণ পথচলার ২৯তম বছর উদযাপন

২২ নভেম্বর, ২০২৪, ৭ অগ্রহায়ণ, ১৪৩১ ছিল সোশ্যাল ইসলামী ব্যাংকের প্রতিষ্ঠাবার্ষিকী। সোশ্যাল ইসলামী ব্যাংক পরিবারের সকলের অন্তরে গ্রোথিত একটি বিশেষ দিন। বাধা বিঘ্ন পেরিয়ে সাফল্য, সৃজনশীলতা, প্রগতি ও গতিশীলতায় সোশ্যাল ইসলামী ব্যাংক অতিক্রম করেছে ২৯ টি বছর। পদার্পন করেছে ৩০- এ। ৩০ বছর সময়টি মানুষের জীবনের উল্লেখযোগ্য একটি সময়। এ সময়টি নিজেকে বিকশিত করবার এবং বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে যাবার। সোশ্যাল ইসলামী ব্যাংকও আজ ৩০ বছরের পরিণত যুবক। এসআইবিএল এখন তরুণ, আত্মবিশ্বাসী এবং এই ব্যাংকের এগিয়ে চলার গতি অপ্রতিরোধ্য। সময় আমাদের ব্যাংক- কে কঠিন পরীক্ষার মুখোমুখি করেছে, কিন্তু প্রাজ্ঞ বোর্ড ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দিকনির্দেশনা এবং দক্ষ, অপ্রতিরোধ্য ও বলিষ্ঠ কর্মীবাহিনী সোশ্যাল ইসলামী ব্যাংক- কে এগিয়ে নেবে শক্তিশালী আগামীর পথে।

১৯৯৫ সালের ২২ নভেম্বর প্রতিষ্ঠিত হওয়া দ্বিতীয় প্রজন্মের আধুনিক প্রযুক্তিনির্ভর, শরী'আহভিত্তিক ব্যাংক থ্রি সেক্টর মডেল ব্যাংকিং থিম নিয়ে কাজ করছে জন্মলগ্ন থেকে। দরদী সমাজ গঠনে সমবেত অংশগ্রহণের প্রত্যয় নিয়ে আড়াই যুগেরও বেশি সময় ধরে ব্যাংকিং সেক্টরে সুনামের সাথে সেবা দিয়ে আসছে সোশ্যাল ইসলামী ব্যাংক। দরদী সমাজ গঠণের অংশীদার হয়ে গত ২৯ বছরে আমাদের ব্যাংক ছাপ রেখেছে কৃষি, অর্থনীতি, সবুজ পৃথিবী বিনির্মাণসহ নানাবিধ কল্যাণমুখী খাতে। ভবিষ্যতেও আমাদের ব্যাংক দেশের কৃষিসহ অর্থনীতির সকল ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রতিকূলতা, প্রতিবন্ধকতা পেরিয়ে সাফল্য, অগ্রগতি, সৃজনশীলতা, প্রগতি ও প্রসারে পরিপূর্ণ আমাদের পথচলার ২৯টি বছর। ২৯ বছর পর আমরা দুর্বৃত্তায়নের কবলে পরে অতিক্রম করছি একটি চ্যালেঞ্জিং সময়। আমাদের সম্মানিত শাখা ব্যবস্থাপকসহ শাখার সকল কর্মকর্তা-কর্মচারী তাদের জীবন ও সম্মানের ঝুঁকি নিয়ে কাজ করে যাচ্ছেন নিজের এবং ব্যাংকের অস্তিত্ব রক্ষার প্রত্যয়ে। এই সংকটময় সময়ে তাঁদের সাহসী ভূমিকা সত্যিই প্রশংসার দাবীদার। সেই সময় অতি নিকটে যখন সোশ্যাল ইসলামী ব্যাংক আবারও তার হারানো গৌরব ফিরে পাবে অতুলনীয় ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে। কারণ আমাদের রয়েছে শক্তিশালী একটি ক্লায়েন্ট বেইজ যারা শত প্রতিকূলতার মাঝেও আমাদের ওপর আস্থা রেখেছেন, পাশে আছেন। আর বরাবরের মতোই এই ব্যাংকের দক্ষ, স্বপ্নবাজ কর্মীবাহিনী যে তাদের প্রাণপ্রিয় প্রতিষ্ঠানের সুনাম রক্ষায় অতন্দ্র প্রহরীর মতো নিয়োজিত রয়েছেন ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তাদের সরব উপস্থিতিই তা প্রমাণ করে দিয়েছে।

ব্যাংকের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকী ২২ নভেম্বর ২০২৪ নানা আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে ব্যাংকের প্রধান কার্যালয়ে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. এম. সাদিকুল ইসলাম, এফসিএমএ।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ব্যাংকের ভাইস চেয়ারম্যান জনাব মাকসুদা বেগম, পরিচালক জনাব মোঃ মোরশেদ আলম খন্দকার, জনাব মোঃ আনোয়ার হোসেন, এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ ফোরকানুল্লাহ, উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হান্নান খান ও জনাব মোঃ নাজমুস সায়াদাত।

ব্যাংকের প্রধান কার্যালয়ের অন্যান্য নির্বাহীবৃন্দ, ঢাকা অঞ্চলের আঞ্চলিক প্রধান এবং ঢাকা অঞ্চলের শাখাসমূহের ব্যবস্থাপকগণ সহ প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. সাদিকুল ইসলাম ব্যাংকের ২৯ বছরের অগ্রযাত্রার সহযাত্রী গ্রাহক, শেয়ারহোল্ডার, নিয়ন্ত্রক সংস্থাসহ সকল শুভানুধ্যায়ীকে আন্তরিক কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। আগামী বছরকে নবজাগরণের বছর উল্লেখ করে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তিনি। তিনি গ্রাহকদের আর অল্প কিছুদিন ধৈর্য্য ধরার আহ্বান জানান এবং আশা প্রকাশ করেন যে, অল্প কিছুদিনের মধ্যেই ব্যাংক সংকটমুক্ত হবে।

ব্যাংকের ভাইস চেয়ারম্যান জনাব মাকসুদা বেগম বলেন, অচিরেই সোশ্যাল ইসলামী ব্যাংক তার হারানো গৌরব ফিরে পাবে। কারণ এই ব্যাংকের কর্মীদের রয়েছে দক্ষতা ও অসীম মনোবল যা দিয়ে তারা তাদের ব্যাংকের অস্তিত্ব টিকিয়ে রাখতে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। আমানতকারীদের সুরক্ষা দিতে বাংলাদেশ ব্যাংক নতুন পর্ষদকে দায়িত্ব দিয়েছে। কাজেই আমানতকারীগণ তাদের আমানত নিয়ে যাতে শঙ্কিত না থাকে সে দিকে খেয়াল রাখার জন্য বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ দেওয়া হয়েছে।

ব্যাংকের সম্মানিত পরিচালক জনাব মোঃ মোরশেদ আলম খন্দকার গ্রাহক ও কর্মকর্তা-কর্মচারীদের শুভেচ্ছা জানান এবং বলেন, যে ব্যাংকের এতো প্রাণোদ্দীপ্ত কর্মীবাহিনী আছে সে ব্যাংকের সংকট কাটতে খুব বেশি সময় লাগবে না। খুব শীঘ্রই সোশ্যাল ইসলামী ব্যাংক গ্রাহকদের চাহিদামাফিক সেবা প্রদান করতে পারবে।

সম্মানিত পরিচালক জনাব মোঃ আনোয়ার হোসেন, এফসিএ গ্রাহকদের আরো একটু ধৈর্য্য ধরার ও ব্যাংকের পাশে থাকার আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশ ব্যাংকের সহায়তায় আমরা সুদুরপ্রসারী পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছি, যাতে গ্রাহকগণ তাদের আমানতের সম্পূর্ণ সুরক্ষা পান।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ ফোরকানুল্লাহ ব্যাংকের এই চ্যালেঞ্জিং সময়ে পাশে থাকার জন্য সম্মানিত গ্রাহকদের প্রতি কৃতজ্ঞতা জানান এবং ব্যাংকটির উন্নতির জন্য সকল কর্মকর্তার প্রতি কঠোর পরিশ্রম ও সর্বোত্তম গ্রাহক সেবা প্রদানের আহ্বান জানান।

ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হান্নান খান অনুষ্ঠানে আগত সকলকে ধন্যবাদ জানান এবং ব্যাংক-কে এগিয়ে নিতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নাজমুস সায়াদাত তার স্বাগত বক্তব্যে সাফল্যে, সংকটে ২৯ বছর ধরে পাশে থাকার জন্য সম্মানিত গ্রাহক, শুভানুধ্যায়ী, শেয়ারহোল্ডার ও সকল সহকর্মীকে প্রতিষ্ঠাবার্ষিকীর আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান। তিনি কর্মকর্তা-কর্মচারীদের নিজের ও ব্যাংকের অস্তিত্ব রক্ষায় একসাথে কাজ করার আহ্বান জানান।

আস্থার সাথে
শক্তিশালী
আগামীর পথে

আস্থা
মুদারাবা মাসিক প্রফিট ডিপোজিট স্কিম

প্রতি লক্ষ টাকায়
মাসে ১০০০ টাকা আয়*
*সম্ভাব্য

ব্যাংকের সাফল্য কামনা করে দোয়া ও মোনাজাতের পর কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়

SIBL 29 BUILDING A STRONGER TOMORROW RESILIENCE RECOVERY REJUVENATE

PHOTO GALLERY